দৈনিক ইত্তেফাক

১৭

তারিখ 07 MAR 1988
পৃষ্ঠা 1 কলাম 8

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

২৭
৩৭

# বরিশালে ভার্সিটি প্রতিষ্ঠার দাবী

(ইত্তেফাক রিপোর্ট)

বাকেরগঞ্জ প্রস্তাবিত বিভাগীয় সমিতি ৮ই মার্চ বরিশালে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ভিত্তিপ্রস্তর স্থাপনের তারিখ ঘোষণা, বাকেরগঞ্জ বিভাগ প্রতিষ্ঠা, বরিশালে বিমান বন্দর স্থাপন, বাংলাদেশ ব্যাংকের শাখা স্থাপন, পল্লী উন্নয়ন

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

## বরিশালে ভার্সিটি

(১ম পৃ: পর)

একাডেমী স্থাপন, বরিশালে উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষা বোর্ড স্থাপন এবং অবিলম্বে নদী ভাঙ্গন রোধ করার দাবী জানাইয়াছে। অন্যথায় দক্ষিণাঞ্চলের বিশাল জনগোষ্ঠী তাহাদের অধিকার আন্দোলনের মাধ্যমে আদায় করিয়া নেওয়ার পদক্ষেপ গ্রহণ করিতে বাধ্য হইবে।

গতকাল (সোমবার) জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সমিতির সভাপতি মুহম্মদ আবদুল খালেক বলেন, গত তিন বছর যাবৎ এই অঞ্চলের জনগণের দাবীর প্রেক্ষিতে সরকার একই সাথে বরিশাল ও খুলনায় বিশ্ববিদ্যালয় স্থাপনের আশ্বাস দিয়াছিলেন। অথচ আগামী ৮ই মার্চ খুলনায় বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপনের সিদ্ধান্ত ঘোষণা করিলেও বরিশালে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হইবে কিনা সে সম্পর্কে সরকার কিছুই বলেন নাই। তিনি অভিযোগ করেন যে, এই অঞ্চলের উপর গুরুত্ব দিয়া ১৯৭৯ সালের ২৩শে নভেম্বর মন্ত্রী পরিষদের এক সভায় বরিশালে বিশ্ববিদ্যালয়, বিভাগ, বিমান বন্দর, পটুয়াখালীতে সমুদ্র বন্দর, পল্লী উন্নয়ন একাডেমী এবং বরিশালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড প্রতিষ্ঠার সিদ্ধান্ত গ্রহণ করিলেও আজ পর্যন্ত তাহা কার্যকরী করা হয় নাই।